

‘মায়ের হাত ধরে রাস্তা পার হচ্ছিলাম, বাসটা ধাক্কা মারল’

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : বেসরকারি বাসের ধাক্কায় মৃত্যু হল এক মহিলার। মঙ্গলবার সকালে পথদুর্ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনার ব্যারাকপুরের চিড়িয়ামোড়ে। মৃতের নাম নীতা গুপ্তা (৪২)। মঙ্গলবার সকালে তিনি মেয়েকে স্কুলবাসে তুলে দিতে আসেন। সেসময় তাঁকে ধাক্কা মারে ৮১ নম্বর রুটের একটি বাস। জখম অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানেই মৃত্যু হয় নীতাদেবীর। দুর্ঘটনার পরই বাস ফেলে পালিয়ে যায় চালক। টিটাগড় থানার পুলিশ ঘাতক বাসটিকে আটক করেছে।

ব্যারাকপুরের একটি বেসরকারি স্কুলের ক্লাস ফোরের পড়ুয়া একমাত্র মেয়েকে মঙ্গলবার সকালে বাসে তুলতে গিয়েছিলেন নীতাদেবী। ব্যারাকপুর চিড়িয়ামোড় এলাকায় রাস্তা পার হওয়ার সময় তাঁকে ধাক্কা মারে ৮১ নম্বর রুটের একটি বেসরকারি বাস। নীতাদেবীর পায়ের উপর দিয়ে চলে যায় বাসের চাকা। নিত্যযাত্রীরা ধাওয়া করলে রাস্তার উপর বাস ফেলে পালিয়ে যায় চালক। গুরুতর জখম অবস্থায় নীতাদেবীকে ব্যারাকপুর বিএন বসু মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই চিকিৎসা চলাকালীন তাঁর মৃত্যু হয়।

নিত্যযাত্রীদের অভিযোগ, ৮১ নম্বর রুটের দু’টি বাস রেষারেষি করতে গিয়েই দুর্ঘটনাটি ঘটে। টিটাগড় থানার পুলিশ ঘাতক বাসটিকে আটক করেছে। অভিযুক্ত বাসচালকের খোঁজ করছে পুলিশ।

সভা/অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির) বুধবার আলোচনায় বিষয়:- গীতা প্রসঙ্গ। স্বামী হরিময়ানন্দ মহারাজ। সময়: ৭-১৫।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

7						3		4
5		3					7	
	4		3		6		8	
4			1	6		9		
		9		5	4			3
	3		7		9		5	
	5					4		8
8		1						7

গতকালের সমাধান

1	7	9	4	5	8	6	3	2
3	4	5	7	6	2	9	1	8
2	6	8	1	9	3	5	7	4
6	8	7	9	2	1	3	4	5
5	1	4	8	3	6	2	9	7
9	3	2	5	7	4	1	8	6
7	2	6	3	4	9	8	5	1
4	9	1	6	8	5	7	2	3
8	5	3	2	1	7	4	6	9

আবহাওয়া

পূর্বাভাস: বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩১ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৯১ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৪।৫৯, **সূর্যাস্ত:** ঘ ৬:২৪ **জোয়ার:** সকাল ১২:৫৪। **ভাঁটা:** সকাল : ৭:৪৯।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩০,৯৭০
গহনা সোনা (১০ গ্রাম):	২৯,৩৮৫
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	২৯,৮২৫
রুপোর বাট (প্রতি কেজি):	৪০,৮০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪০,৯০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	68.6935
INR / 1 Euro	80.0211
INR / 100 Jap. YEN	61.9100
INR / 1 Pound Sterling	90.3457

শেয়ার সূচক

BSE	36,239.62	▲	(+304.90)
NIFTY	10,947.25	▲	(+94.35)

শব্দলিপি- ১২৪৯

১	২		৩	■	৪		৫
■		■		■		■	
৬				■		■	
	■	■	৭	৮			
৯		১০			■	■	
	■		■	১১		১২	
	■		■		■		■
১৩			■	১৪			

অরূপ মাইতি

পাশাপাশি ঃ ১। কেউটে সাপ ৪। কাঁঠাল ৬। ব্যাধ ৭। ক্ষুণ্ণমনস্কতা ৯। সমুদ্রোত্থিত অগ্নি ১১। হজম ১৩। কংকার ১৪। ব্যাকুলতা

উপরনীচ ঃ ২। সংক্ষেপে লঘিষ্ঠ সাধারণ গুণনীয়ক ৩। অপলক ৪। ফলাফল ৫। সামজতন্ত্রে পণ্ডিত ৬। তল্পিবাহক ৮। চটিই ১০। থাকার জায়গা ১২। ধূসর

সমাধান ঃ শব্দলিপি - ১২৪৮

পাশাপাশি ঃ ১। উদ্দীপনা ৩। বাকল ৬। শাকটিক ৮। উদার মন ১০। দানসাগর ১২। রঘুকুল ১৪। অসিত ১৫। কোকনদ

উপরনীচ ঃ ১। উপর উপর ২। পত্রাঙ্কুর ৩। করোটি ৫। দশানন ৭। কলুর বলদ ৯। মলালস ১১। সামরিক ১৩। মুনসি

দুনীর্তির দায়ে গ্রেফতার কুলপি কেওড়াতলার পঞ্চায়েত প্রধান সত্যেন অধিকারী

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : অবশেষে গ্রেফতার হল কুলপি পঞ্চায়েত সমিতির অন্তর্গত কেওড়াতলা গ্রাম পঞ্চায়েতের প্রধান সত্যেন অধিকারী। গত ২০১৫ সালে মহাত্মা গান্ধী জাতীয় প্রকল্প (এম. জি.এন. আর. ইজি.এস.) এর প্রায় ৪১ কোটি টাকা তছরুপের দায়ে তৃণমূল কংগ্রেসের এক পঞ্চায়েত সদস্য ডায়মন্ডহারবার মহকুমা শাসকের কাছে অভিযোগ জানান। সেই পরিপ্রেক্ষিতে ডায়ন্ডহারবারের মহকুমা শাসক নিজে তদন্ত শুরু করেন।

সত্যেন অধিকারী তৃণমূল কংগ্রেসেরই প্রধান। সেই তদন্ত ধামা চাপা দেওয়ার জন্য তৃণমূল দলের ব্লকস্তরের নেতৃত্ব সচেষ্ট হলেও মহকুমা শাসক পিছিয়ে আসেননি। তদন্তে অর্থ তছরুপের অভিযোগ প্রমাণ হয়। মহকুমা শাসক ওই গ্রাম পঞ্চায়েতের অভিযোগকারীকে দিয়ে কলকাতা হাইকোর্টে একটি মামলা দায়ের করেন, সম্প্রতি হাইকোর্ট অভিযুক্ত প্রধানকে অবিলম্বে গ্রেফতার করার নির্দেশ দেন। কুলপির বিধায়ক যোগরঞ্জন হালদার বলেন, হাইকোর্টের নির্দেশে সত্যেন গ্রেফতার হয়েছে। দোষী প্রমাণ হলে শাস্তি পাবে। উল্লেখ্য, সত্যেন অধিকারী বিধায়কের ঘনিষ্ঠ বলে সূত্র জানাচ্ছে। অপরদিকে প্রতারণার অভিযোগ মন্দিরবাজারের বিজেপি সভাপতি দিলীপ জাটুয়াকে গ্রেফতার করল মন্দির বাজার থানার পুলিশ। দিলীপ প্রাক্তন তৃণমূলনেতা মুকুল রায়ের ঘনিষ্ঠ বলে জানা যাচ্ছে।

রাতে পারিবারিক অশান্তি, সকালে উদ্ধার ব্যক্তির ঝুলন্ত মৃতদেহ

নিজস্ব সংবাদদাতা, সোনারপুর : বন্ধ ঘর থেকে উদ্ধার হল এক ব্যক্তির ঝুলন্ত দেহ। নাম দীনবন্ধু গায়েন (৪৬)। ঘটনাটি সোনারপুর থানার সুভাষগ্রামের চণ্ডীতলা পার্ক এলাকার। মঙ্গলবার সকালে খবর পেয়ে সোনারপুর থানার পুলিশ গিয়ে ঘরের দরজা ভেঙে দেহটি উদ্ধার করে। মৃত্যুর কারণ খতিয়ে দেখতে দীনবন্ধুর পরিবারের লোকজন ও প্রতিবেশীদের জিজ্ঞাসাবাদ করছে পুলিশ।

পুলিশ জানিয়েছে, দীনবন্ধু ও তাঁর পরিবারের লোকেরা মাস দুয়েক আগে এই বাড়িতে ভাড়ায় আসেন। তার স্ত্রী সহ এক ছেলে ও মেয়ে রয়েছে। সোমবার রাতে কোনও কারণে দীনবন্ধুবাবুর পরিবারে অশান্তি হয়। তারপর রাগ করে তিনি ঘরের মধ্যে ঢুকে দরজা লাগিয়ে দেন। তার স্ত্রী ও সন্তানরা অন্য ঘরে শুয়ে পড়ে। মঙ্গলবার সকালে ডাকাডাকির পর কোনও সাড়াশব্দ না পাওয়ায় জানলা দিয়ে প্রতিবেশীরা দেখেন দীনবন্ধুবাবুর দেহ ঝুলছে।

পুলিশ আরও জানায়, সম্প্রতি কোনও কাজ না থাকায় মানসিক অবসাদে ভুগছিলেন তিনি। পারিবারিক অশান্তি নাকি অন্য কোনও কারণে এই আত্মহত্যা তা খতিয়ে দেখা হচ্ছে। পুলিশ প্রথমে দেহটি উদ্ধার করে সুভাষগ্রাম হাসাতালে পাঠায়। সেখানে থেকে সোনারপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করে। ময়নাতদন্তের জন্য দেহটি কাঁটাপুকুর মর্গে পাঠানো হয়।

দুই দুষ্কৃতী দলের লড়াই, গুলিবিদ্ধ ১

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : আবার গুলি চলে হাওড়ায়। দুই দুষ্কৃতী দলের লড়াইয়ে উত্তপ্ত হয়ে উঠল হাওড়ার নাজিরগঞ্জ এলাকা। সোমবার রাতে দুই দলের সংঘর্ষে গুলিবিদ্ধ হয় এক ব্যক্তি। তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে পুলিশ। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে।

জানা গিয়েছে, স্থানীয় হাঁসখালিপোলে দুই দুষ্কৃতী দলের মধ্যে বাধে সংঘর্ষ। শুরু হয় বোমাবাজি ও গুলির লড়াই। এক পক্ষের ছোড়া গুলিতে গুলিবিদ্ধ হয় তাপু সেনগুপ্ত নামে এক দুষ্কৃতী। তার ডান হাতের কনুইয়ে গুলি লাগে। সঙ্গে সঙ্গে স্থানীয় একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা ছড়ায় । ঘটনাস্থলে ছুটে আসে সাঁকরাইল ও নাজিরগঞ্জ থানার পুলিশ। এই মুহূর্তে এলাকায় উত্তেজনা রয়েছে। কী কারণে দুই দুষ্কৃতী দলের লড়াই তা এখনও জানা যায়নি। তবে প্রোমোটিংজনিত কারণেই এই গণ্ডোগোল বলে প্রাথমিক অনুমান পুলিশের।

স্ত্রীকে মেরে আত্মঘাতী স্বামী

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : বউকে গলার নলি কেটে আত্মঘাতী স্বামী। ঘটনাটি ঘটেছে। হওড়ার দানেশ শেখ লেন গভঃ কোয়ার্টারে। পেশায় টেলারিং-এর ব্যবসায়ী বাবলু পাঠকের সঙ্গে কয়েকবছর আগে বিয়ে হয়েছিল পাপড়ি পাঠকের। সকালে আত্মীয়রা এসে দেখেন এম ব্লকের তিন তলার ঘর বন্ধ। এরপর পুলিশের খবর দেওয়া হয়। ঘর ভেঙে দেখা যায় গলা কাটা অবস্থায় বিছানায় পরে রয়েছে পাপড়ির রক্তাক্ত দেহ। পাশে পরে রয়েতে চপার ও ছুরি। পাশের ঘরে গলায় সিলিং ফ্যান থেকে দড়ি দিয়ে ফাঁস লাগানো অবস্থায় রয়েছে বাবলুর ঝুলন্ত দেহ। ঘটানস্থলে গিয়ে হাওড়া সিটি পুলিশের বি গার্ডেন থানার পুলিশ তদন্ত শুরু করেছে। কী কারণে এমন ঘটনা ঘটল তার তদন্ত শুরু করেছে পুলিশ। পারিবারিক অশান্তি নাকি অভাবজনিত কারণ পুরো ঘটনার তদন্ত করছে পুলিশ। মৃতদেহ দু’টি ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। এই ঘটনার জেরে গোটা এলাকা শোকে স্তব্ধ হয়ে গিয়েছে।

দ্বারিকানাথ ইন্সটিটিউশান হাইস্কুলের ছাত্রী-ছাত্রীদের বার্ষিক অনুষ্ঠানে গান গাইছে পড়ুয়ারা। ছবি: নিজস্ব চিত্র।

ভ্যানের খোঁজে এসে মহিলাকে ধর্ষণের চেষ্টা

নিজস্বসংবাদদাতা, বীরভূম : বাড়িতে কেউনা থাকায় একমহিলাকে ধর্ষণের চেষ্টার অভিযোগ উঠল প্রতিবেশী যুবকের বিরুদ্ধে। ঘটনাটি পাড়ুই থানার সাত্তোর গ্রামের। অভিযুক্তের নাম দোলন শেখ। ঘটনার পর থেকে পলাতক। মঙ্গলবার পাড়ুই থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন ওইমহিলা। নির্যাতিতা জানিয়েছেন, সোমবার সন্ধ্যা নাগাদ বাড়িতে একাই ছিলেন তিনি। ব্যক্তিগত কাজে অন্যত্র গিয়েছিলেন তাঁর স্বামী। তিনি ভ্যানচালক, সেসময় তাঁর বাড়িতে ভ্যানের সন্ধানে আসে দোলন। নির্যাতিতা বলেন, ‘বাড়িতে স্বামী নেই, তাই ভ্যান পাওয়া যাবে না।’ অভিযোগ, এরপর ওইমহিলার ঘরে ঢুকে তাঁকে ধর্ষণের চেষ্টা করে দোলন। বাধা দিলে শুরু হয় মারধর। চিৎকার শুরু করেন ওইমহিলা। প্রতিবেশীরা ছুটে এলে পালিয়ে যায় অভিযুক্ত যুবক। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। মঙ্গলবার সকালে পাড়ুই থানায় অভিযোগ দায়ের করেন নির্যাতিতা। ঘটনার পর থেকে পলাতক দোলন। তার খোঁজে শুরু হয়েছে তল্লাশি।

বাগনানে ছেলেধরা আতঙ্ক

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : মঙ্গলবার হাওড়ার বাগনানের বাঙালপুরে ছেলেধরা আতঙ্কে উত্তেজনা ছড়াল এলাকায়। এমনিতেই হাওড়ার বাগনান এলাকায় উন্নতি সাধনের দিক দিয়ে হাওড়া গ্রামীণ এলাকায় যথেষ্ট সামনের দিকে এগিয়েছ। কিন্তু অপরাধ মূলক কর্মকাণ্ড ও বিভিন্ন দুর্ঘটনা এই এলাকায় বেশি হচ্ছে। জানা গিয়েছে, মঙ্গলবার দু’জন বাইক আরোহী ৬ বছর বয়সি ক্লাস ওয়ানের একটি ছাত্রকে তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করে। কিন্তু তাকে ধরে নিয়ে যাওয়ার জন্য সে চিৎকার চেঁচামেচি লাগিয়ে দেয়। শিশুটির চিৎকারে আসেপাশের লোকজন ছুটে আসে। তখন ওই দু’জন আরোহী ছেলেটিকে ফেলে বাগনানের দিকে পালায়। অভিযুক্তরা এখনও পালতক। ঠিক কি কারণে তার, এরকম কাজ করছিল তা জানা না গেলেও পুলিশের প্রাথমিক অনুমান এ শিশুটির পরিবারের সঙ্গে পুরনো শত্রুতা থাকতে পারে অভিযুক্তদের। নতুবা, ওই দু’জন বাইক আরোহী শিশু চুরি করার উদ্দেশ্যে এসেছিল কিনা, সেই অনুমান ও করছে পুলিশ। মোটকথা, এই ঘটনায় ভাল মতোই চাঞ্চল্য ছড়িয়েছে হাওড়ার বাগনানের বাঙালপুর এলাকায়।

তৃণমূল-বিজেপির বোঝাপড়ার খেলা সচেতন মানুষ জানেন: সুশান্ত ঘোষ

নিজস্ব সংবাদদাতা, বারাসত : ‘তৃণমূল আর বিজেপির মধ্যে চলছে বোঝাপড়ার খেলা। যাঁরা সচেতন মানুষ, তাঁরা জানেন খেলাটা কী। এই খেলার মধ্যে মানুষকে সঠিক রাস্তায় নিয়ে আসার দায়িত্ব বামপন্থীদের। আমরা চেষ্টা করছি। আমাদের চেষ্টাটা প্রচার মাধ্যমে সেভাবে সুযোগ পাচ্ছে না।’ কঙ্কাল মামলায় গতকাল বারাসত আদালতে হাজিরা দিতে এসে এই মন্তব্য করেন সিপিএম নেতা সুশান্ত ঘোষ। প্রসঙ্গত, গতমাসেই মেদিনীপুর থেকে বারাসত আদালতে কঙ্কাল মামলা স্থানান্তরিত হয়েছে। তাঁকে সাংবাদিকদের তরফে জানানো হয়, নরেন্দ্র মোদী পশ্চিম মেদিনীপুর সভা করতে আসছেন। এ প্রসঙ্গে তিনি কী বলবেন ? এর উত্তরে সুশান্তবাবু প্রধানমন্ত্রীকে আক্রমণ করে বলেন, ‘৪ বছরে কৃষকদের অবস্থা যে জায়গায় দাঁড়িয়েছে, উনি যদি বাড়িতে বাড়িতে দৌড়ান তাহলেও কৃষকরা ওঁর পাশে হাজির হবেন না। এটা উনিও ভালো জানেন। উনি ইতিমধ্যেই জেনে গেছেন, ২০১৯ সালে আদৌ প্রধানমন্ত্রী থাকবেন কি না। ওদের দলের নেতারা যতই গলা ফাটাক, এটা ভাবার কোনও দরকার নেই যে ওরা ২০১৯ সালে আবার ফিরে আসবে। বিজেপি আসবে এটা ওরাও বুকে হাত দিয়ে বলতে পারবে না।’

কৃষকদের স্বার্থে লড়ার জন্য বামেদের কোনও বিকল্প নেই বলে তিনি মনে করেন। তাঁর মতে, ‘ভারতবর্ষে এখনও কৃষকদের স্বার্থে আন্দোলন বামপন্থীরাই করছেন। রাজস্থান, মহারাষ্ট্র, মধ্যপ্রদেশে কৃষকদের আন্দোলন প্রমাণ করে এখনও কৃষকদের প্রকৃত বন্ধু বামপন্থীরাই।’

পাশাপাশি তিনি বলেন, ‘বামফ্রন্ট ৩৪ বছর পর যখন চলে গেল তখন তো একটা ঝড়েই গেল। এলোমলো অবস্থা কাটিয়ে সংগঠন সংহত করতে সময় লাগবে। সেই সময়টা মানুষের চেতনার উপর নির্ভর করে।’

অনলাইন লটারির ফাঁদে পড়ে প্রতারিত হলেন এক চিকিৎসক

নিজস্ব সংবাদদাতা, বারাসত : অনলাইন লটারির ফাঁদে পড়ে প্রতারিত হলেন সরকারি হাসপাতালের এক চিকিৎসক। উত্তর ২৪ পরগনা জেলার সরোজিনী পল্লীর বাসিন্দা পারমিতা চ্যাটার্জি লটারির লোভে পড়ে খোয়ালেন ১২ লক্ষ টাকা। মঙ্গলবার দুপুরে বারাসত থানায় লিখিতভাবে প্রতরণার অভিযোগ করেছেন তিনি। জানা গিয়েছে, প্রায় তিন বছর আগে বারাসতের সরোজিনী পল্লীর বাসিন্দা পেশায় চিকিৎসক পারমিতা চ্যাটার্জি নতুন একটা কম্পিউটার কিনেছিলেন। পারমিতা দেবী জানান, তারপর একটি ইমেল আইডি খুলেছিলেন তিনি। সম্প্রতি নিজের ইমেল আইডিতে তিনি জানতে পারেন, লটারির মাধ্যমে ৫০০ হাজার পাউন্ড অর্থাৎ ৩ কোটি ৩৫ লক্ষ টাকা তিনি জিতেছেন। বহুজাতিক একটি সংস্থার এই পলোভনে পা দেন তিনি। গত তিন বছর ধরে আরবিআই-এর প্রতিনিধি পরিচয় দিয়ে মাইকেল মরিসন নামে এক ব্যক্তি ১২৬৭৬৫৭৮৫১২ নম্বর থেকে ফোন করে লটারির টাকা দেওয়ার জন্য বিভিন্ন কারণ দেখিয়ে কয়েক দফায় মোট ১২ লক্ষ টাকা হাতিয়ে নেন। সম্প্রতি ওই ব্যক্তি আরও টাকা দাবি করার পারমিতা দেবী বুঝতে পারেন। তিনি প্রতারিত হচ্ছেন। এরপরই মঙ্গলবার তিনি গোটা ঘটনার কথা জানিয়ে বারাসত থানায় লিখিত অভিযোগ করেন।

মদ্যপানের পর বন্ধুর স্ত্রীকে ধর্ষণ, ধৃত অভিযুক্ত

নিজস্ব সংবাদদাতা, অশোকনগর : মদ্যপান করে বন্ধুর স্ত্রীকে ধর্ষণের অভিযোগে ধৃত এক যুবক। উত্তর ২৪ পরগনার অশোকনগর থানার গুমা কালীনগর এলাকার ঘটনা। ধৃতের নাম সুরজিৎ দেবনাথ। নির্যাতিতার স্বামীর অভিযোগের ভিত্তিতে সোমবার রাতে সুরজিৎকে গ্রেফাতর করে অশোকনগর থানার পুলিশ। মঙ্গলবার ধৃতকে বারাসত আদালতে তোলা হয়। রবিবার রাতে সুরজিৎ দেবনাথ তার বাড়িতে ডাকে তার বন্ধু ও বন্ধুর বউকে। বাড়িতে সেসময় কেউ না থাকায় দুই বন্ধু মদ্যপান করে। অভিযোগ, মদের নেশায় বন্ধু বেহুঁশ হয়ে গেলে তাঁর স্ত্রীকে ধর্ষণ করে সুরজিৎ। বিষয়টি নিয়ে সে সময় কিছু না বললেও সোমবার দুপুরে বাড়ি ফিরে স্বামীকে গোটা ঘটনা জানান যুবতী। রাতেই অশোকনগর থানায় সুরজিৎ দেবনাথের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন যুবতীর স্বামী। অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে পুলিশ রাতেই অভিযুক্তকে গ্রেফতার করে। মঙ্গলবার ধৃত সুরজিৎকে বারাসত আদালতে তোলা হয়।

পালিয়ে গিয়েছিল নাবালিকা, ফেরাতে গিয়ে প্রেমিকের হাতে প্রহৃত বাবা-মা

নিজস্ব সংবাদদাতা, অশোকনগর : বিয়ে করার জন্য এক যুবকের সঙ্গে পালিয়েছিল নাবালিকা। তাকে আনতে গিয়ে ওই যুবক ও তার দলবলের হাতে মার খেলেন নাবালিকার বাবা-মা। ঘটনাটি উত্তর ২৪ পরগনার নিবেদিতা পল্লি এলাকার।

বিয়ে করার জন্য সোমনাথ দাস নামে এক যুবকের সঙ্গে পালিয়ে যায় হাবড়া প্রফুল্লনগরের বাসিন্দা ওই নাবালিকা। সেই খবর পেয়ে নাবালিকার বাবা ও মা তাকে আনতে যায়। অভিযোগ, মেয়েকে আনতে গেলে সোমনাথ ও তার দলবল তাদের মারধর করে। নাবালিকার বাবাকে অশোকনগর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে থেকে তাঁকে নিয়ে যাওয়া হয় একটি বেসরকারি হাসপাতালে।

সোমনাথ দাসের বিরুদ্ধে অশোকনগর থানার অভিযোগ দায়ের করেছে নাবালিকার পরিবার।

বাংলাদেশে পাচারের সময় উদ্ধার রুপোর গয়না

নিজস্ব সংবাদদাতা, কৃষ্ণনগর : বাংলাদেশে পাচারের সময় প্রায় ১৬ কেজি রুপোর গয়না বাজেয়াপ্ত করল বিএসএফ। যার বাজার মূল্য প্রায় ৬ লাখ ৩৮ হাজার টাকার মত। সোমবার নদিয়ার হালদারপাড়া সীমান্ত থেকে এই গয়না বাজেয়াপ্ত করা হয়। তবে কেউ গ্রেফতার হয়নি।

হালদারপাড়া সীমান্ত দিয়ে রুপোর গয়না পাচার হবে বলে সোমবার বিএসএফের কাছে খবর আসে। এর পর বিএসএফের ১১৩ নম্বর ব্যাটেলিয়নের জওয়ানরা সেখানে তল্লাশি শুরু করেন। সেই সময় দু’জন সন্দেহভাজনকে দেখা যায় বাংলাদেশের দিক থেকে এপারে আসছে। সেই সময় এপারে থাকা কয়েকজন ব্যক্তি চারটি প্যাকেট বাংলাদেশের দিকে ছুড়ে দেয়। বিএসএফ তাদের তাড়া করে। কিন্তু, তারা পালিয়ে যায়।

তল্লাশি চালিয়ে বিএসএফ বাদামি টেপ দিয়ে মোড়ানো চারটি প্যাকেট উদ্ধার করে। সেগুলো থেকে ৬৯৬টি রুপোর অ্যাঙ্কলেট, ৩১৬টি পাথর বসানো রুপোর অ্যাঙ্কলেট এবং ৬৮৬টি রুপোর ঘুঙুর উদ্ধার হয়। যার মোট ওজন ১৫ কেজি ৯৫০ গ্রাম। উদ্ধার হওয়া গয়নাগুলি শুল্ক দফতরের হাতে তুলে দেওয়া হয়েছে।